




দৈনিক আজাদী

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র

প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক








বুধবার | ১৯ অক্টোবর ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ৪৪ সংখ্যা | ৩ কার্তিক ১৪২৯ সাল | ২২ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা


## প্রিমিয়ার ইউনিভার্সিটি

# ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন। প্রাচীনকালে বিশ্বের বিভিন্ন দেশে মসলিন রপ্তানি হতো এবং এসব দেশের অভিজাত শ্রেণির মহিলারা ফ্যাশনের জন্য মসলিন পরিধান করতো। গতকাল মঙ্গলবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে তিনি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ এতে সভাপতিত্ব করেন। ড. অনুপম সেন আরও বলেন, মসলিন প্রমাণ করে, প্রাচীনকালে বাংলাদেশের বস্ত্রশিল্প সমৃদ্ধ ছিল। কৌটিল্য ও রোমান ইতিহাসবিদরা এদেশের বস্ত্রশিল্প নিয়ে লিখে গেছেন। তিনি উল্লেখ করেন, অষ্টম অথবা নবম শতকে আরব বণিক ও বিখ্যাত পরিব্রাজক সোলেমান বলেছিলেন একটি মসলিন কাপড় এত সূক্ষ্ম যে তা একটি আংটির ভেতর দিয়ে চলে যায়। বর্তমানে বাংলাদেশ পোশাকশিল্পের একটি প্রধান শিল্পকেন্দ্র। এই শিল্পকেন্দ্রে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজির ভূমিকা বিরাট। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ফ্যাশন ডিজাইনের জন্য দরকার সৃজনশীলতা ও শিল্পমনস্কতা। পোশাকের বৈচিত্র্য, আধুনিকতা ও আন্তর্জাতিকতা তোমাদের উপলব্ধি করতে হবে। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 19 October 2022, Page: 3, Col: 3
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-10-19

চট্টগ্রাম বুধবার ১৯ অক্টোবর ২০২২




# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত




রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ২৩৭ তম সংখ্যা।। ৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ।। ২২ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি।। Wednesday 19 October 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

*প্রিমিয়ার ভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন*

# বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন। প্রাচীনকালে বিশ্বের বিভিন্ন দেশে মসলিন রপ্তানি হতো এবং এসব দেশের অভিজাত শ্রেণির মহিলারা ফ্যাশনের জন্য মসলিন পরিধান করতো।

গতকাল মঙ্গলবার, সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে তিনি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ সভাপতিত্ব করেন।

ড. অনুপম সেন আরও বলেন, মসলিন প্রমাণ করে, প্রাচীনকালে বাংলাদেশের বস্ত্রশিল্প সমৃদ্ধ ছিল। বর্তমানে বাংলাদেশ পোশাকশিল্পের একটি প্রধান শিল্পকেন্দ্র। এই শিল্পকেন্দ্রে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজির ভূমিকা বিরাট।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ফ্যাশন ডিজাইনের জন্য দরকার সৃজনশীলতা ও শিল্পমনস্কতা। পোশাকের বৈচিত্র্য, আধুনিকতা ও আন্তর্জাতিকতা তোমাদের উপলব্ধি করতে হবে।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 19 October 2022, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-10-19

বুধবার
চট্টগ্রাম
১৯ অক্টোবর ২০২২
৩ কার্তিক ১৪২৯
২২ রবিউল আওয়াল ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-২৯৬

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com | /parkviewhospitalctg | parkview.com.bd

শুভ সকাল
বাজারে পেঁয়াজের দাম আরও কমেছে

দশ কথার এক কথা
আমরা ব্যস্ত থাকি বাড়ি গাড়ি কিভাবে করব: প্রধান বিচারপতি

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

চট্টগ্রামে শনাক্ত ১,২৯,৩১৯ মৃত্যু ১,৩৬৭

শেষ পাতায়
রুমা-রোয়াংছড়িতে বেড়াতে এসে বিপাকে পর্যটকেরা




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ড. অনুপম সেন

# বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন। প্রাচীনকালে বিশ্বের বিভিন্ন দেশে মসলিন রপ্তানি হতো এবং এসব দেশের অভিজাত শ্রেণির মহিলারা ফ্যাশনের জন্য মসলিন পরিধান করতো। গতকাল মঙ্গলবার প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে তিনি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ সভাপতিত্ব করেন। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ফ্যাশন ডিজাইনের জন্য দরকার সৃজনশীলতা ও শিল্পমনস্কতা। নানা ধরনের ফ্যাশনের টেকনিক ও স্টাইল কীভাবে একসাথে করবে তার অভিজ্ঞতা তোমাদের অর্জন করতে হবে। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আমাদের গার্মেন্টস শিল্পকে এগিয়ে যেতে হলে তাকে প্রতিযোগিতার মাধ্যমে এগুতে হবে এবং তা অনেকখানি নির্ভর করে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজির উপর।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানুষ ফ্যাশন সচেতন হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি তার উদাহরণ।

রেজিস্ট্রার খুরশিদুর রহমান বলেন, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি এই বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান অনুষদের অধীনে অন্তর্ভুক্ত হলেও তার একটি বড়ো অংশ নির্ভর করে প্রকৌশল বিদ্যার উপর। সুতরাং এই বিভাগটি প্রকৌশল বিভাগের অধীনেও থাকতে পারত। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 19 October 2022, Page: 3, Col: 1
https://epurbodesh.com/index.php?date=19-10-2022&page=3

চট্টগ্রাম • বুধবার • ১৯ অক্টোবর ২০২২ • ৩ কার্তিক ১৪২৯ • ২২ রবিউল আউয়াল ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ৬৩

রূপান্তর নবযাত্রা ৩১

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত মসলিন

৫ আনোয়ারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বিদ্যুৎবিহীন এক রাত

৬ মানবিক পুরস্কারে ভূষিত হলেন সাদিও মানে



**কথা না বলে শার্টের আশ্রয় নিলেন ক্যাট**

পাক্কা এক বছর পর বড় পর্দায় ফিরছেন বলিউড তারকা ক্যাটরিনা কাইফ। এর মধ্যে ঘটে গেছে অনেক কিছু। প্রেমিক-অভিনেতা ভিকি কৌশলের সঙ্গে সেরে নিয়েছেন বিয়ে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬

## ওরিয়েন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন

# ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত মসলিন

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন। প্রাচীনকালে বিশ্বের বিভিন্ন দেশে মসলিন রপ্তানি হতো এবং এসব দেশের অভিজাত শ্রেণির মহিলারা ফ্যাশনের জন্য মসলিন পরিধান করতো। ১৮ অক্টোবর সকাল ১১টায়, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে তিনি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ সভাপতিত্ব করেন।ড. অনুপম সেন আরও বলেন, মসলিন প্রমাণ করে, প্রাচীনকালে বাংলাদেশের বস্ত্রশিল্প সমৃদ্ধ ছিল। কৌটিল্য ও রোমান ইতিহাসবিদরা এদেশের বস্ত্রশিল্প নিয়ে লিখে গেছেন। অষ্টম অথবা নবম শতকে আরব বণিক ও বিখ্যাত পরিব্রাজক সোলেমান বলেছিলেন একটি মসলিন কাপড় এত সূক্ষ্ম যে তা একটি আংটির ভেতর দিয়ে চলে যায়। বর্তমানে বাংলাদেশ পোশাকশিল্পের একটি প্রধান শিল্পকেন্দ্র। এই শিল্পকেন্দ্রে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজির ভূমিকা বিরাট।




ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তৃতা করছেন উপাচার্য ড. অনুপম সেন

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আমাদের গার্মেন্টস শিল্পকে এগিয়ে যেতে হলে তাকে প্রতিযোগিতার মাধ্যমে এগুতে হবে এবং তা অনেকখানি নির্ভর করে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজির উপর।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, একসময় কেউ ফ্যাশন করলে নেতিবাচক মন্তব্য শুনতে হতো। তখন কোনো বিশ্ববিদ্যালয়ে ফ্যাশন ডিজাইন নিয়ে বিভাগ খোলার কথা চিন্তাও করা যেতো না। এখন সময় পাল্টেছে। মানুষ ফ্যাশন সচেতন হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি তার উদাহরণ।

রেজিস্ট্রার খুরশিদুর রহমান বলেন, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি এই বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান অনুষদের অধীনে অন্তর্ভুক্ত হলেও তার একটি বড়ো অংশ নির্ভর করে প্রকৌশল বিদ্যার উপর। সুতরাং এই বিভাগটি প্রকৌশল বিভাগের অধীনেও থাকতে পারত। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 19 October 2022, Page: 3, Col: 1
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-10-19